

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১২৩.২০১৭-৩৩৭

তারিখ : ১৪ এপ্রিল ২০১৭

বিষয়: ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের জনপ্রতিনিধি ও সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে ইনোভেশন বিষয়ক প্রস্তাব/নাগরিক সেবা সহজীকরণ বিষয়ক প্রস্তাব প্রেরণ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের (ইনোভেশন টিম) স্মারক নং ৪৬.০৮৫.০৮.০১.০০.০৩৩.২০১৫-১২৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত কর্মপরিকল্পনার ৩(ক) বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) জনপ্রতিনিধি এবং সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে ইনোভেশন বিষয়ক প্রস্তাব সংগ্রহ করে আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখের মধ্যে ই-মেইল নম্বর uz1lgd@gmail.com এবং বিশেষ বাহক মারফত এ বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

J.M. in
১৪/০৪/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

উপপরিচালক (সকল)

স্থানীয় সরকার

..... জেলা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। বিভাগীয় কমিশনার (সকল),বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল),জেলা।
- ৩। চেয়ারম্যান (সকল)..... উপজেলা পরিষদ.....জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা.....জেলা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন পরিষদ,..... উপজেলা.....জেলা।

অনুলিপি (কার্যার্থে) :

- ১। জনাব মুহাম্মদ আনোয়ার পাশা, উপসচিব ও সদস্য সচিব, ইনোভেশন টিম, স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্থানীয় সরকার বিভাগ

বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা - ২০১৭

ক্র. নং	প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম)	বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী)	প্রত্যাশিত ফলাফল (এটি সম্পাদিত হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদণ্ড)
১.	স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাদের ২ (দুই) দিনের ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ	ফেব্রুয়ারী- মার্চ	জনাব ইকরামুল হক অতিরিক্ত সচিব	নাগরিক সেবা সহজীকরণের প্রস্তাব তৈরী হবে এবং তা বাস্তবায়ন করলে সেবা প্রদানের সময়, খরচ এবং ডিজিট কমবে।	ইনোভেটিভ আইডিয়ার সংখ্যা গণনা
২.	৫ দিন ব্যাপী উদ্ভাবনী কর্মশালা	মার্চ- মে	জনাব ইকরামুল হক অতিরিক্ত সচিব	নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী প্রস্তাব তৈরীর পদ্ধতি ও প্রক্রিয়া সম্পর্কে ধারণা লাভ করা যাবে	অংশগ্রহণকারীর সংখ্যা গণনা
৩.	স্থানীয় সরকার বিভাগের জনপ্রতিনিধি ও সকল পর্যায়ের কর্মকর্তা- কর্মচারীর নিকট হতে ইনোভেশন বিষয়ক প্রস্তাব/নাগরিক সেবা সহজীকরণ বিষয়ক প্রস্তাব আহ্বান, যাচাই বাছাইকরণ এবং পুরস্কৃতকরণ				
	ক) ইনোভেশন বিষয়ক প্রস্তাব/ সেবা সহজীকরণ বিষয়ক প্রস্তাব আহ্বান	এপ্রিল- জুন	ড. জুলিয়া মঈন উপসচিব (উপজেলা- ১)	অধিক সংখ্যক প্রস্তাব প্রাপ্তি	প্রস্তাবের সংখ্যা গণনা
	খ) প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাইকরণ	জুলাই- আগস্ট	এ এইচ এম কামরুজ্জামান সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা- ৩)	নাগরিক বাস্তব সেবা বাছাই করা সম্ভব হবে	বাছাইকৃত প্রস্তাবের সংখ্যা গণনা
	গ) পুরস্কৃতকরণ	সেপ্টেম্বর- অক্টোবর	জনাব আবদুল মালেক মাননীয় সচিব	অন্যরা অনুপ্রাণিত হবে	পুরস্কৃতদের সংখ্যা গণনা
৪.	জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিবগণের ছুটি অনলাইনে অনুমোদন	ফেব্রুয়ারী- ডিসেম্বর	বেগম জুবাইদা নাসরীন উপসচিব (জেলা পরিষদ)	দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান সম্ভব হবে	অনলাইন রেকর্ড
৫.	মঠ পর্যায়ের উদ্ভাবনী পাইলট উদ্যোগ পর্যালোচনা	এপ্রিল- জুলাই	জনাব আব্দুর রউফ মিয়া উপসচিব (পৌর- ১)	বাস্তবায়নের সময়ান্তর অগ্রগতি জানা যাবে এবং Replicable উদ্যোগ চিহ্নিত করা সম্ভব হবে	ইনোভেশন আইডিয়া প্রাপ্তির সংখ্যা
৬.	উদ্ভাবনী উদ্যোগের Replication সম্পন্ন করা	ফেব্রুয়ারী- জুন	বেগম রওশন আরা বেগম যুগ্ম- সচিব (নগর উন্নয়ন- ২)	উদ্ভাবনী উদ্যোগের সুফল অধিক সংখ্যক সেবা প্রত্যাশীর কাছে সহজলভ্য হবে	Replication সম্পন্ন করা উদ্যোগের সংখ্যা
৭.	স্থানীয় সরকার বিভাগের সকল স্তরের জনবলের PMIS তৈরী	ফেব্রুয়ারী- জুলাই	জনাব মোঃ শফিকুল ইসলাম প্রোগ্রামার	দাপ্তরিক কাজ সহজতর হবে, স্বল্প সময়ে ও স্বল্প খরচে তথ্য আদান প্রদান করা যাবে এবং জটিলতা কমবে	ক্যাটাগরি অনুযায়ী ব্যক্তির সংখ্যা গণনা
৮.	Face book এর Public Service Innovation Bangladesh পেজে স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তার পদবীতে একাউন্ট খোলা ও যুক্ত হওয়া	মার্চ- মে	জনাব মোঃ শফিকুল ইসলাম প্রোগ্রামার	কর্মকর্তাগণ সারাদেশের ইনোভেশন আইডিয়া সম্পর্কিত ধারণা পাবেন এবং স্থানীয় সরকার বিভাগের ইনোভেশন সম্পর্কেও অন্যরা জানার সুযোগ পাবেন	ফেসবুকের পোস্ট এবং কমেন্ট

মুহাম্মদ আনোয়ার পাশা
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সদস্য সচিব, ইনোভেশন টিম

ইকরামুল হক
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৯০২/ইনোভেশন ২০১৭